গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস হাউস, আইসিডি, চট্টগ্রাম
Email: ch.icd.ctg@nbr.gov.bd

[নিলাম শাখা]

নথি নং-এস-নিলাম/কা.হা.আইসিডি.চট্ট./০১/পত্র যোগাযোগ/২০২৬/৪৮৪ (কাস্টম) তারিখ: /০৭/২০২৬ খ্রি.
09 JUL 2026

বিষয়: নিলামকারী নিয়োগ বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।

কাস্টমস হাউস, আইসিডি, চট্টগ্রাম এর অধীনে সরকারী নিলামকারী নিয়োগ বিজ্ঞপ্তিটি আপনার পত্রিকার ৩ কলামে ৯ ইঞ্চিতে আগামী ১২/০৭/২০২৬ খ্রি. তারিখে প্রকাশপূর্বক প্রকাশিত বিজ্ঞপ্তির ০২ (দুই) টি কপি এ দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

২। বিষয়টি অতীব জরুরী।

সংযুক্তি: প্রকাশিতব্য নিয়োগ বিজ্ঞপ্তি ০১ (এক) পাতা।

9.7.2026

প্রভাত কুমার সিংহ
জয়েন্ট কমিশনার অব কাস্টমস
কমিশনার অব কাস্টমস এর পক্ষে।
কাস্টমস হাউস, আইসিডি, চট্টগ্রাম।

প্রাপক:

১। সম্পাদক, দৈনিক ইত্তেফাক, ৪০ কাওরান বাজার, ঢাকা-১২১৫(ভিতরের পাতায় প্রকাশের অনুরোধসহ)।
২। সম্পাদক, THE FINANCIAL EXPRESS, ট্রপিকানা টাওয়ার (৫ তলা), ৪৫, তোপখানা রোড, ঢাকা-১০০০ (ভিতরের পাতায় প্রকাশের অনুরোধসহ)।
৩। সম্পাদক, দৈনিক আজাদী, ৯, সিডিএ বাণিজ্যিক এলাকা, মোমিন রোড, চট্টগ্রাম (ভিতরের পাতায় প্রকাশের অনুরোধসহ)।
৪। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা (নিলামের বিজ্ঞপ্তিটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫। সহকারী প্রোগ্রামার, কাস্টমস হাউস, আইসিডি, চট্টগ্রাম (আপনাকে নিলাম বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধ করা হলো।

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস হাউস, আইসিডি, চট্টগ্রাম
বিএসটিআই ভবন (৭ম তলা), আগ্রাবাদ, চট্টগ্রাম।
Email: ch.icd.ctg@nbr.gov.bd

নথি নং-এস-নিলাম/কা.হা.আইসিডি.চট্ট./০১/পত্র যোগাযোগ/২০২৬/ ৪৮৪ (বগজ) তারিখ: ০২/০৭/২০২৬ খ্রি.

নিলামকারী নিয়োগ বিজ্ঞপ্তি

কাস্টমস হাউস, আইসিডি, চট্টগ্রাম এর নিয়ন্ত্রণাধীন দপ্তরসমূহে রক্ষিত অখালাসকৃত নিলামযোগ্য মালামাল জাতীয় রাজস্ব বোর্ডের স্থায়ী আদেশ নং ৯১/কাস্টমস/২০২৫/১২৩, তারিখ: ০২/০৭/২০২৫ খ্রি. মোতাবেক নিলামে বিক্রয়ের জন্য নিলামকার্য পরিচালনার লক্ষ্যে নিলামকারী প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদন করা হবে। সে লক্ষ্যে নিলামকারী হিসেবে নিয়োগে আগ্রহী প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্র আহ্বান করা হচ্ছে। আগামী ১২/০৭/২০২৬ খ্রি. থেকে ১০/০৮/২০২৬ খ্রি. তারিখে দরপত্র দাখিল ও ২,০০০/- (দুই হাজার) টাকা (অফেরতযোগ্য) ট্রেজারী চালানের মাধ্যমে ১১১০২০৩১৪৪২১৭-১৪২২৩২৮ অর্থনৈতিক কোডে জমা প্রদানপূর্বক চালানের মূলকপি দাখিল করে এ দপ্তরের প্রশাসন শাখা হতে দরপত্র/টেন্ডার ফরম সংগ্রহ করা যাবে। দরপত্র সংক্রান্ত বিস্তারিত দরপত্র ফরমে উল্লেখ থাকবে।

০২। নিলামকারী হিসেবে নিয়োগের যোগ্যতা:
(ক) নিলামকারী প্রতিষ্ঠান হিসেবে কমপক্ষে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে;
(খ) প্রতিষ্ঠানের প্রধান/স্বত্ত্বাধিকারীকে কমপক্ষে এইচ.এস.সি পাস হতে হবে;

০৩। টেন্ডার ফরম/দরপত্রের সাথে নিম্নোক্ত দলিলাদি (প্রযোজ্য ক্ষেত্রে ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি) আবশ্যিকভাবে দাখিল করতে হবে:
(ক) ১৩ ডিজিটের মূসক নিবন্ধন সনদপত্র (হালনাগাদ রিটার্ন দাখিলের প্রমাণকসহ);
(খ) হালনাগাদ ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি;
(গ) টিআইএন সনদপত্রের সত্যায়িত কপি (হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের প্রমাণকসহ);
(ঘ) নিলামকারী হিসেবে কমপক্ষে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতার সনদ প্রদানকারী দপ্তরের স্মারক সংখ্যাসহ থাকতে হবে;
(ঙ) ব্যাংক সলভেন্সি সনদপত্র;
(চ) স্বত্ত্বাধিকারী/অংশীদার/পরিচালকগণের জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি;
(ছ) স্বত্ত্বাধিকারীর শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি;
(জ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের সত্যায়িত কপি;
(ঝ) কমিশনার, কাস্টমস হাউস, আইসিডি, চট্টগ্রাম, এর অনুকূলে জামানত হিসাবে ৩,০০,০০০.০০ (তিন লক্ষ) টাকার পে-অর্ডার।
(ঞ) নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি;
(ট) পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি রঙ্গিন ছবি।

০৪। নিলামকারী হিসেবে পূর্বে দায়িত্ব পালনকালে কোন প্রকার অনিষ্পন্ন অনিয়মের প্রমাণ এবং বর্তমান নিলামকারী হিসেবে নিয়োগ প্রাপ্তির লক্ষ্যে কোন মাধ্যমে নিয়োগকারী কর্তৃপক্ষকে প্রভাবিত করার প্রচেষ্টা, কোন অসত্য/জাল দলিলাদি দাখিল করলে নিলামকারী হিসেবে নিয়োগের অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে এবং দাখিলকৃত জামানত বাজেয়াপ্তসহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৫। যথাযথভাবে পূরণকৃত টেন্ডার ফরম/দরপত্র ও উপরে উল্লিখিত দলিলাদি এবং কাস্টমস হাউস, আইসিডি, চট্টগ্রামে রক্ষিত টেন্ডার বক্সে আগামী ১০/০৮/২০২৬ খ্রি. তারিখ দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত দাখিল করা যাবে। ১০/০৮/২০২৬ খ্রি. তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় টেন্ডার বক্স আবেদনকারী/দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে;

০৬। চূড়ান্তভাবে নির্বাচিত প্রতিষ্ঠানকে নিরাপত্তা জামানত বাবদ কমিশনার, কাস্টমস হাউস, আইসিডি, চট্টগ্রাম অনুকূলে ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকার নিঃশর্ত ও অব্যাহত ব্যাংক গ্যারান্টি জমা রাখতে হবে;

০৭। নির্ধারিত তারিখ ও সময়সীমা উত্তীর্ণ হওয়ার পর কোন টেন্ডার ফরম/দরপত্র/আনুষঙ্গিক দলিলাদি গ্রহণ করা হবে না;

০৮। অসম্পূর্ণ দরপত্র/আবেদন নিলামকারী হিসেবে নিয়োগ লাভের ক্ষেত্রে অযোগ্য হিসেবে গণ্য হবে;

০৯। কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন;

০২.০৭.২০২৬

প্রভাত কুমার সিংহ
জয়েন্ট কমিশনার অব কাস্টমস,
কমিশনার অব কাস্টমস এর পক্ষে।

CamScanner